সংবাদ
তারিখ ... 16 OCT 2002
পৃষ্ঠা ... 12



কম্পিউটার মেলা দেখতে এসেছে একটি পরিবার। ছোট শিশুটিরও দরকার কম্পিউটার।

## ছুটির দিনে উপচেপড়া ভিড়

# ২০ হাজার দর্শক কম্পিউটার মেলায় এসেছিলেন কাল

নিজস্ব বার্তা পরিবেশক : বিজয়া দশমীর সরকারি ছুটি ছিল কাল। আর তাই মঙ্গলবার প্রত্যাশিতভাবেই উপচেপড়া ভিড় ছিল সিটিআইটি কম্পিউটার মেলায়। আয়োজকদের দেয়া তথ্যানুসারে গতকাল মেলার ষষ্ঠ দিনে প্রায় ২০ হাজার দর্শক এসেছিলেন মেলায়।

শুধু ভিড় নয়, গতকাল মেলার স্টলগুলোতে বিক্রিও ছিল রমরমা। বিক্রেতারা জানালেন, '১০ই অক্টোবর শুরু হওয়া ১১ দিনব্যাপী এ মেলায় কালই সবচেয়ে বেশি বিক্রি হয়েছে। স্টল কর্মকর্তারা বললেন, 'প্রথমদিকে মেলায় দর্শনার্থী থাকে বেশি। তারা দেখতে আসেন, যাচাই করতে আসেন, নতুন পণ্যের খোঁজ নিতে আসেন। শেষদিকে কেনেন। আর সম্ভাব্য এসব ক্রেতা এখন কিনতে শুরু করেছেন।

অন্যদিকে বিক্রেতাদের মধ্যে প্রতিযোগিতা এখন। ফলে লাভবান হচ্ছেন ক্রেতারা। উল্লেখ্য, ইন্টেলের সেলেরন ১.২ গিগাহার্টস মাদার বোর্ড ১২৮-২৫৬ মেগাবাইট আরডি বা ডিডি র‍্যাম, ৩২-৬৪ মেগাবাইট এজিপি কার্ড, ১৫ ইঞ্চি মনিটর সমৃদ্ধ কনফিগারেশনের একটি কম্পিউটার

কম্পিউটার : পৃঃ ২ কঃ ৫

### কম্পিউটার : মেলা

( ১২-এর পৃষ্ঠার পর )

পাওয়া যাচ্ছে ২০-২২ হাজার টাকায়। ইন্টারনেট ব্যবহারকারীদের কাছে ভয়েস চ্যাট, ভিডিও চ্যাট এগুলো জনপ্রিয়। ব্রাউজারদের জন্য বেশকিছু ওয়েব ক্যাম এসেছে।

মারকারির ফোর ইন ওয়ান পকেট ডিভি ওয়েব ক্যাম, যা বিরতিহীনভাবে ৩ মিনিট ২০ সেকেন্ড ভিডিও রেকর্ড, ৩১ মিনিট ভয়েস রেকর্ড করতে পারে এর দাম সাড়ে ৪ হাজার টাকা। ২৬টি স্থির চিত্র তুলতে পারে এমন একটি এফ ওয়ান ওয়েব ক্যাম পাওয়া যাচ্ছে সাড়ে ৩ হাজার টাকায়। মেলায় প্রতিদিনকার আয়োজনে গতকালের ইভেন্ট ছিল শিশুদের জন্য কম্পিউটার। প্রযুক্তিবিদগণের অভিমত, দর্শক বিশেষ করে শিশু-কিশোরদের অংশগ্রহণে এটি ছিল একটি প্রাণবন্ত আয়োজন। এদিকে মেলা কর্তৃপক্ষ জানিয়েছেন, শুক্রবার বেলা ১১টায় মেলা উপলক্ষে আমার দেখা কম্পিউটার শীর্ষক শিশুদের জন্য একটি মুক্ত চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হবে। ৫ থেকে ১২ বছরের শিশুরা এতে অংশ নিতে পারবে। আগ্রহীদের বৃহস্পতিবারের মধ্যে মেলার নিচতলায় নিয়ন্ত্রণ কক্ষে যোগাযোগ করতে হবে।